

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

২৩ ডিসেম্বর ২০০২

তারিখ:-----

০৯ পৌষ ১৪০৯

বিআরপিডি সাকুলার নং- ১২

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

**ব্যাংকের পরিচালক পর্ষদের অডিট কমিটি গঠন।**

ব্যাংকের পরিচালক পর্ষদের সহিত ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শেয়ার হোল্ডার, আমানতকারী ও ষ্টেক- হোল্ডারের সেতুবন্ধন হিসাবে কার্য পরিচালনা তথা একটি ষ্ক্ষ, শক্তিশালী ও নিরাপদ ব্যাংক ব্যবস্থা গড়িয়া তুলিবার ক্ষেত্রে পর্ষদের অডিট কমিটি কার্যকর ভূমিকা পালন করিতে পারে। ব্যাংকের আর্থিক প্রতিবেদন প্রকাশ প্রক্রিয়া, ব্যাংকের কার্যক্রম ষ্ক্ষতা ও শৃঙ্খলার সহিত পরিচালনার জন্য উপযুক্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়িয়া তোলা ও এই উদ্দেশ্য সাধনে অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণের সহিত কার্যকর যোগাযোগ রক্ষা করা এবং ব্যাংকের ব্যবসায়িক কার্যক্রম সূত্রে উজ্জ্বত বিবিধ ঝুঁকি নিয়ন্ত্রণের ব্যাপারে অডিট কমিটির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। তুপরি, বিশ্বায়ন প্রক্রিয়ায় বাজার সম্ভাবনা ও প্রতিযোগিতা বৃদ্ধি, ইলেকট্রনিক ও ত্র্য প্রযুক্তির বহুল ব্যবহার, লেনেনের জটিলতা বৃদ্ধি, আন্তর্জাতিক হিসাব মান এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক বিবিধ নীতি-পদ্ধতি পরিপালনের জন্যে আবশ্যকীয় মাত্রা আরোপের ফলে অডিট কমিটির কার্যকারিতাও বহুগুনে বৃদ্ধি পাইয়াছে। এমতাবস্থায়, Best practices এর অংশ হিসাবে পর্ষদের অডিট কমিটি গঠনের ব্যাপারে ব্যাংকসমূহের অনুসরণের জন্য নিম্নরূপ বিধান জারি করা হইল :

**০২। লক্ষ্য ও উদ্দেশ্য :**

ব্যাংক কোম্পানীর কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পানের লক্ষ্যে পরিচালক পর্ষ কর্তৃক প্রণীত কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালনসহ পরিচালক পর্ষদের সার্বিক পরিবীক্ষণ ায়িত্ব সুচারুরূপে সম্পন্নের ব্যাপারে পর্ষদের অডিট কমিটি সার্বিক সহায়তা করিবে। কমিটি আর্থিক প্রতিবেদন প্রকাশ প্রক্রিয়া, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, আর্থিক ঝুঁকি, নিরীক্ষা পদ্ধতি, বি্যমান আইন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত বিধি-বিধানের আওতায় প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালিত হইতেছে কিনা তাহার পরিবীক্ষণ প্রক্রিয়া এবং স্নীয় ব্যবসাবিধি পুনরীক্ষণ/পর্যালোচনা করিবে।

**০৩। অডিট কমিটির ায়িত্ব ও কর্তব্য :**

অডিট কমিটির ায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ :

**(ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ :**

(১) ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার গুরুত্ব এবং ঝুঁকি ব্যবস্থাপনার বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি উপযুক্ত পরিপালন কৃষ্টি (compliance culture) গড়িয়া তুলিতে সক্ষম হইয়াছে কিনা এবং ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণকে তাহার ায়িত্ব ও

কর্তব্য সম্পর্কে স্পষ্ট নিশ্চয়তা হইয়াছে কিনা এবং তাহাদের কার্যের উপর পূর্ণ নিয়ন্ত্রণ বজায় রহিয়াছে কিনা তাহা অডিট কমিটি মূল্যায়ন করিবে;

- (২) ব্যাংকের কম্পিউটারাইজেশন ব্যবস্থা এবং উহার ব্যবহারসহ একটি উপযুক্ত ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (MIS) গড়িয়া তুলিবার ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সকল ব্যবস্থা অডিট কমিটি পর্যালোচনা করিবে;
- (৩) ব্যাংকের অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষকগণ কর্তৃক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কৌশল/কাঠামো গড়িয়া তুলিবার ব্যাপারে সময়ে সময়ে প্রণীত সুপারিশমালা ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পরিপালিত হইতেছে কিনা তাহা অডিট কমিটি বিবেচনা করিবে;
- (৪) কার্যকর নিবারণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করিবার জন্য বিদ্যমান ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি পর্ষদের অডিট কমিটি পর্যালোচনা করিবে;
- (৫) অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষকগণ ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরিদর্শন কর্তৃক উদ্ঘাটিত জাল-জালিয়াতি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দুর্বলতা অথবা অনুরূপ ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ ও গৃহীত সংশোধনমূলক ব্যবস্থাসমূহ অডিট কমিটি পর্যালোচনাপূর্বক নিয়মিতভাবে পর্ষদকে অবহিত করিবে।

### (খ) আর্থিক প্রতিবেদন প্রকাশ :

- (১) বার্ষিক আর্থিক বিবরণীসমূহে পূর্ণাঙ্গ ও যথাযথ তথ্যের প্রকাশ ঘটিয়াছে কিনা এবং আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে আন্তর্জাতিক হিসাবায়ন সম্পর্কিত নীতি ও পদ্ধতি অনুসরণ করা হইয়াছে কিনা তাহা অডিট কমিটি যাচাই করিয়া দেখিবে;
- (২) আর্থিক বিবরণীসমূহ চূড়ান্ত করিবার পূর্বে বহিঃনিরীক্ষকগণ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে অডিট কমিটি মতবিনিময় করিবে।

### (গ) অভ্যন্তরীণ নিরীক্ষা :

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যাবলী ও সাংগঠনিক কাঠামো পর্ষদের অডিট কমিটি পর্যালোচনা করিবে এবং কোন অন্যায্য বাধা বা সীমাবদ্ধতা যেন নিরীক্ষা কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি না করে সেই বিষয়ে নিশ্চিত হইবে;
- (২) কমিটি অভ্যন্তরীণ নিরীক্ষার দক্ষতা ও কার্যকারিতা যাচাই করিয়া দেখিবে;
- (৩) অভ্যন্তরীণ নিরীক্ষকগণ কর্তৃক উদ্ঘাটিত অনিয়মিত রীতিভুক্তকরণের ব্যাপারে এবং ব্যাংকের কার্যাবলী পরিচালনায় তাহাদের পর্যবেক্ষন/প্রণীত সুপারিশমালা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাযথভাবে বিবেচনা করিতেছেন কিনা তাহাও অডিট কমিটি যাচাই করিবে।

### (ঘ) বহিঃনিরীক্ষণ:

- (১) ব্যাংকের বহিঃনিরীক্ষকগণের সম্পর্কিত নিরীক্ষণ কার্যক্রম ও নিরীক্ষা প্রতিবেদন অডিট কমিটি পর্যালোচনা করিবে;
- (২) বহিঃনিরীক্ষকগণের দ্বারা উদ্ঘাটিত অনিয়মিত নিয়মিতকরণের ব্যাপারে এবং ব্যাংকের কার্যাবলী পরিচালনায় তাহাদের পর্যবেক্ষন/প্রণীত সুপারিশমালা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাযথভাবে বিবেচনা করিতেছেন কিনা তাহা অডিট কমিটি যাচাই করিবে;
- (৩) ব্যাংকের নিরীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য বহিঃনিরীক্ষক নিয়োগের বিষয়ে কমিটি পর্ষদে সুপারিশ পেশ করিবে।

### (ঙ) বিদ্যমান আইন ও বিধি-বিধানের পরিপালন :

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (কেন্দ্রীয় ব্যাংক ও অন্যান্য সংস্থা) কর্তৃক প্রণীত বিধি-বিধান এবং ব্যাংকের পর্ষদ কর্তৃক অনুমোদিত অভ্যন্তরীণ বিধি-বিধান যথাযথভাবে পরিপালিত হইতেছে কিনা তাহা অডিট কমিটি পর্যালোচনা করিবে।

### (চ) বিবিধ :

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষক, বহিঃনিরীক্ষক ও বাংলাদেশ ব্যাংকের পরির্শন ংল কর্তৃক উঁঘাটিত ভুল-ত্রুটি, জাল-জালিয়াতি ও অন্যান্য অনিয়মার্ি নিয়মিতকরণের ব্যাপারে কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পরিচালক পর্ষে পরিপালন প্রতিবেঁন পেশ করিবে;
- (২) কমিটি পর্ষ কর্তৃক যাচিত অন্যান্য তত্ত্বাবধান কার্যক্রম এবং নিয়মিতভাবে কমিটির স্মীয় ংস্কার মূল্যায়ন করিবে ।

#### **০৪। সাংগঠনিক কাঠামো :**

- ১। অডিট কমিটি ০৩(তিন) জন সঁস্য সমন্বয়ে গঠিত হইবে ;
- ২। কমিটির সঁস্যগণ ব্যাংকের পরিচালনা পর্ষ কর্তৃক পরিচালকের মধ্য হইতে মনোনীত হইবেন ;
- ৩। কমিটির সঁস্যগণ প্রতি ০৩ বৎসরের জন্য নির্বাচিত হইতে পারেন ;
- ৪। ব্যাংকের কোম্পানী সচিব অডিট কমিটির সচিব হইবেন ।

#### **০৫। কমিটির সঁস্য হওয়ার উপযুক্ততা :**

- ১। কমিটির সঁস্য মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিচালকের সততা, নিষ্ঠা ও কমিটির কাজে তাহার পর্যাপ্ত সময় ব্যয় করিবার সুযোগ রহিয়াছে কিনা তাহা বিবেচনা করিতে হইবে ;
- ২। কমিটির কার্যক্রমে ফলপ্রসূ ও কার্যকর অবঁান রাখিতে পারেন এমন ব্যক্তিগনকে কমিটির সঁস্য হিসাবে মনোনীত করা যাইতে পারে ;
- ৩। কমিটির সঁস্যগনকে ব্যাংকিং ব্যবসা, ব্যাংকের পরিচালনা, বিবিধ ঝুঁকিসহ কমিটির সঁস্য হিসেবে ংয়িত্ব ও কর্তব্য সম্পর্কে সম্যক ধারণা ংকিতে হইবে ।

#### **০৬। কমিটির সভা আহ্বান :**

- (ক) কমিটি বৎসরে কমপক্ষে ৩/৪ টি এবং প্রয়োজনবোধে যে কোন সময় সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহন করিতে পারিবেন ;
- (খ) কমিটি প্রয়োজনবোধে ব্যাংকের প্রধান নির্বাহী, অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের ংয়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা অন্য যে কোন কর্মকর্তাকে কমিটির সভায় অংশগ্রহনের জন্য আহ্বান করিতে পারিবেন ;
- (গ) অভ্যন্তরীণ এবং বহিঃনিরীক্ষকগনকে কমিটি কর্তৃক যাচিত বিষয়ে মূল্যায়ন প্রতিবেঁন ংখিল করিবার জন্য অনুরোধ করা যাইতে পারে ;
- (ঘ) কমিটির সঁস্যগন যাহাতে প্রতি সভায় কার্যকরভাবে অংশগ্রহন ও অবঁান রাখিতে পারেন সেই লক্ষ্যে প্রতিটি সভা অনুষ্ঠানের যত্ন সময়ে পূর্বেই সভায় উপস্থাপিতব্য স্মারক কমিটির সঁস্যগনের নিকট সরবরাহ নিশ্চিত করিতে হইবে;
- (ঙ) কমিটির সকল সুপারিশ/পর্ষবেক্ষণ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করিতে হইবে ।

এই নিেঁশ অবিলম্বে কার্যকর হইবে ।

অনুগ্রহ করিয়া প্রাপ্তি স্বীকার করিবেন ।

আপনার বিশ্বস্ত,

(মো: জাহাঙ্গীর আলম)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৭১২৫৮৪৪